5679 5475 5000Rs.

INDIA NON JUDICIAL

५००० रु. Rs 5000

सत्यमेव जयते

भारत

पाँच हजार रुपये FIVE THOUSAND RUPEES

Rs 1320.00

E 4.50

Addl. District Sub-Registrar, Hooghly.

2? NOV 1991

জেলা ও সাবরেজেষ্ট্রী হুগলী থানা চুঁচুড়ার সামিল কুলিহান্ডা মৌজা , ১৮ নং জে.এল. ১১৮২ খতিয়ান ভুক্ত ১০৪০ দাগে বাস্তু জমি যায় তদুপরিস্থিত পাকা দ্বিতল বাড়ী কমবেশী - ০০৪ সহস্রাংশ বাস্তু সম্পত্তির - ১,২১,০০০ টাকা মূল্যের সাফ বিক্রয় কোবালা ।

********************************************************

ক্রেতা :- শ্রী অরুপ বিশ্বাস , পিতা অতুল চন্দ্র বিশ্বাস , জাতি - হিন্দু , পেশা - চাকুরী , সাকিম - ৪নং পোল , ৫২০ আর.বি.সি. রোড , থানা - নৈহাটী , জেলা - উত্তর ২৪ পরগনা ।

....২

অরূপ কুমার মিত্র
১২০ আর বি সি রোড
শ্রীরামপুর
২৪ পরগনা (উ)

S. C. [illegible]
Hooghly [illegible]
22/11/91

Presented for Registration
at 10.30 [illegible] on the
22nd day of Nov 19 91
at the office of the A.D.S.R.
Sadar, Hooghly, by
Argha Mitra

Argha Mitra

Addl. District Sub Registrar,
Sadar, Hooghly.



22 NOV 1991

6135

Argha Mitra

Argha Mitra
S/o Late [illegible] Mitra
Kadamtala
[illegible] Hooghly
B[illegible]

— কাজল দে
— পিতা বিনোদ বিহারী দে
তালপুকুর
— বৈদ্য

Kajal Dey
S/o Binode Beharee Dey
Talapukur
[illegible] Hooghly
B[illegible]

Addl. District Sub Registrar,
Sadar, Hooghly.
22.11.91

5000RS.

INDIA NON JUDICIAL

५000रु.

Rs 5000

सत्यमेव जयते

भारत

पाँच हज़ार रुपये FIVE THOUSAND RUPEES

বিক্রেতা :- শ্রী অর্ঘ্য মিত্র, পিতা শীতাংকুর মিত্র, জাতি - হিন্দু, পেশা - ব্যবসা, সাকিম - কদমতলা, বৈদ্যপলি, পোঃ- হুগলী, থানা - চুঁচুড়া, জেলা - হুগলী।

.....৩

~~5000Rs.~~

3000Rs.

INDIA NON JUDICIAL

३000रु. Rs 3000

सत्यमेव जयते

भारत

तीन हजार रुपये THREE THOUSAND RUPEES



কস্য রায়ত স্থিতিবান স্বত্ব বিশিষ্ট সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যাঞ্চাগে জেলা হুগলী থানা চুঁচুড়া , জেলা ও অতিরিক্ত নিবন্ধক (সাব রেজিষ্ট্রী অফিস) হুগলী (চুঁচুড়াস্থ) , হুগলী চুঁচুড়া মিউনিসিপ্যালিটীর অধীন ১১নং ওয়ার্ডের প্রকাশ্য কদমতলা মহল্লায় ৭৩।২৭৫ নং হোল্ডিং ভুক্ত সম্পত্তি যাহা সেটেলমেন্টের মৌজা কুলিহান্ডা জে.এল.নং ১৮ খতিয়ান নং ১১৮২ অধীন দাগ নং ১০৪০ হইতেছে এবং যাহার বর্তমান জরীপের হাল খতিয়ান নং ২০২৮ এবং হাল দাগ নং ২০৫৭ বাস্তু সম্পত্তি যায় তদুপরিস্থিত পাকা দ্বিতল চার কামরা ঘর যায় বারান্দা দ্বিতলে খোলা বারান্দা একতলায় ও দ্বিতলে ডাইনিং স্পেস রান্নাঘর , পায়খানা , বাথরুম , সিঁড়ি যায় দরজা জানালা ইলেকট্রিক মোট পাম্প , ইলেকট্রিক ওয়ারিং ও তলস্থ জমি যাহা

....৪

750Rs.

INDIA NON JUDICIAL

७५०रु. Rs 750

सत्यमेव जयते

भारत

सात सौ पचास रुपये SEVEN HUNDRED & FIFTY RUPEES

Arghya Mitra




নিম্ন তপশীলে বিশদভাবে বর্ণিত সম্পত্তি আমার ওয়ারিশান সূত্রে প্রাপ্ত খাস দখলীয় সম্পত্তি হইতেছে। পূর্বে উক্ত সম্পত্তি সৌরেন্দ্র নাথ গুপ্তের স্বত্ত্ব দখলীয় সম্পত্তি থাকে। সৌরেন্দ্র নাথ গুপ্তের নিকট হইতে চুঁচুড়ার থানার নিবাসী সুধাংশু চন্দ্র মল্লিকের স্ত্রী শ্রীমতি পুঁইবালা মল্লিক আমোল নামা মূলে প্রাপ্ত হইয়া তাহাতে খাসে দখলে কায়েম হয়েন। উক্ত পুঁই-বালা দাসী (মল্লিক) নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি আমোলনামা মূলে প্রাপ্ত হইয়া তাহা আপন স্বত্ত্বে ও সকলের বিরুদ্ধ স্বত্ত্বে খাসে প্রকাশ্যে ভোগ দখল করিতে থাকেন। উক্তরূপে ভোগদখল করিতে থাকাকালীন অবস্থায় দেশে রিভিশন্যাল সেটেলমেন্টের কার্য শুরু হইলে পুঁইবালা দাসী (মল্লিক) নিজ







নামে ১১৮২ খতিয়ানে পত্তন করেন। এবং সরকার বাহাদুরে ট্যাক্স ও খাজনাদি আদায়ের দ্বারা তাহা প্রকাশ্যে ভোগ দখল করিতে থাকেন। উক্তরূপে ভোগ দখল করিতে থাকা অবস্থায় পুঁইবালা দাসী (মল্লিক) তপশীল বর্ণিত সম্পত্তি তাহার স্বামী সুধাংশু শেখর মল্লিককে ২৮.৩.১৯৬০ সালের সম্পাদিত ৬৫২৩ নং রেজিষ্টারীকৃত দানপত্র মূলে দান করিয়া তাহাতে তাহাকে দখলে প্রতিষ্ঠিত করিয়া তাহা হইতে নিঃস্বত্ত্ব ও দখলীশূন্য হয়েন। সুধাংশু শেখর মল্লিক মহাশয় উপরোক্ত দানপত্র মূলে তপশীল বর্ণিত সম্পত্তি প্রাপ্ত হইয়া তাহা আপন স্বত্বে সকলের বিরুদ্ধ স্বত্বে প্রকাশ্যে ট্যাক্সাদিআদায়ের দ্বারা ভোগ দখল করিতে থাকেন ও ভোগ দখলে কায়েম থাকেন। উক্তরূপে ভোগ দখল করিতে থাকা অবস্থায় সুধাংশু শেখ র মল্লিক মহাশয় ২৩.১২.১৯৬৬ সালে সম্পাদিত ও রেজিষ্টারীকৃত ৮২৭৯ নং সাফ বিক্রয় কোবালা মূলে চুঁচুড়া শীলগলি নিবাসী হরিদাস মন্ডলের পুত্র অমর নাথ মন্ডল মহাশয়কে বিক্রয় করিয়া তাহাতে তপশীল বর্ণিত সম্পত্তিতে তাহাকে দখলে প্রতিষ্ঠিত করিয়া তপশীল বর্ণিত সম্পত্তি হইতে নিঃস্বত্ব ও দখলশূন্য হয়েন।




অমর নাথ মন্ডল মহাশয় তপশীল বর্ণিত সম্পত্তি উপরোক্ত দলিল মূলে খরিদ করিয়া তাহাতে দখলি প্রতিষ্ঠিত হইয়া তাহা খাসে ও আপন স্বত্বে ভোগ দখলে প্রতিষ্ঠিত হইয়া উক্ত সম্পত্তিতে তাহার নিজ নাম হুগলী চুঁচুড়া মিউনিসিপ্যালিটীতে পত্তন (মিউটেশন) করিবার জন্য দরখাস্ত করিলে তাহা মিউনিসিপ্যালিটি অথারটি প্রত্যাখ্যান (রিফিউজ) করেন । মিউনিসিপ্যালিটির উক্তরূপ কার্য্যের জন্য অমর নাথ - মন্ডল মহাশয় হুগলী চুঁচুড়া মিউনিসিপ্যালিটির বিরুদ্ধে স্থায়ীব্যস্ত ইংজানশান প্রার্থনায় জেলা হুগলীর প্রথম মুনসেফী আদালতে ১৯৭১ সালে ১২৬ নং মোকদ্দমা দায়ের করেন । উক্ত মোকদ্দমায় অমর নাথ মন্ডল মহাশয় ১৯৭২ সালের ১১ই - জুলাই তারিখে ডিক্রি প্রাপ্ত হয়েন । জেলা হুগলীর প্রথম মুনসেফ বাহাদুর অমর নাথ মন্ডল মহাশয়ের নাম মিউনিসিপ্যালিটি রেজিষ্টারে পত্তন করিবার নির্দেশ প্রদান করেন । মিউনিসিপ্যালিটি কর্তৃপক্ষ আদালতের নির্দেশ মান্য করিয়া অমর নাথ মন্ডলের নাম নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তিতে মিউটেশন বা পত্তন করেন । উপরোক্ত উপায়ে অমর নাথ মন্ডল মহাশয় নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি খরিদ করিয়া তাহাতে নিজ নাম মিউনিসিপ্যালিটি কর্তৃপক্ষের নিকট পত্তন করিয়া ট্যাক্স ও খাজনাদি আদায়ের দ্বারা তাহা খাসে ভোগ দখল করিতে থাকা অবস্থায় ১২।৩।১৯৭৩ সালের ২০৮৯ নং সাফ বিক্রয় কোবালা মূলে হুগলীর ঘুঁটিয়াবাজার নিবাসী শ্যামচাঁদ মল্লিক মহাশয়কে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি বিক্রয় করিয়া তাহাতে তাহাকে দখলে প্রতিষ্ঠিত করিয়া তাহা হইতে নিঃস্বত্ব ও দখলশূন্য হয়েন । অমর নাথ মন্ডল মহাশয়ের সম্পাদিত দলিল সদর সাব রেজিষ্ট্রী অফিসে ১৯৭৩ সালের ১ নং বহির ৩৭ নং ভল্যুমের ৪২ হইতে ৪৮ পাতায় লিপিবদ্ধ রহিয়াছে । শ্যামচাঁদ মল্লিক মহাশয় উপরোক্ত বিক্রয় কোবালা মূলে তপশীল বর্ণিত সম্পত্তি খরিদ করিয়া - তাহাতে দখলে প্রতিষ্ঠিত হইয়া খাজনাদি আদায়ের দ্বারা গৃহাদি নির্মাণ পূর্ব্বক

..... ৭




তাহা খাসে আপন স্বত্বে সকলের বিরুদ্ধ স্বত্বে ভোগদখল করিতে থাকেন। উক্তরূপে ভোগ দখল করিতে থাকা অবস্থায় শ্যাম চাঁদ মল্লিক মহাশয় ১৭।৮।১৯৭৭ সালের ৪৩৭৫ নং সাফ বিক্রয় কোবালা দলিল মূলে চুঁচুড়া গোয়ালটুলি নিবাসী ধূর্জটীচরণ মিত্রের পুত্র স্নেহাংকুর মিত্র মহাশয়কে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি বিক্রয় করিয়া তাহা তাহাকে দখলে প্রতিষ্ঠিত করিয়া তাহা হইতে নিঃস্বত্ব ও দখল শূন্য হয়েন। উক্ত দলিল জেলা হুগলীর সদর সাব রেজিষ্ট্রী অফিসে ১৯৭৭ সালের ১ নং বহির ৫৬ নং ভলুমের ২৫৩ হইতে ২৫৭ পাতায় লিপিবদ্ধ রহিয়াছে। স্নেহাংকুর মিত্র মহাশয় উপরোক্ত দলিল মূলে নি ম্ন তপশীল বর্ণিত সম্পত্তি মায় গৃহাদি খরিদ করিয়া তাহাতে দখলে প্রতিষ্ঠিত হইয়া নিজনাম স্থানীয় মিউনিসি-প্যালিটীতে পত্তন পূর্ব্বক দ্বিতলের ঘরাদি ১৯৭৯ সালেনির্ম্মাণ করিয়া তথায় বসবাসাদির দ্বারা আপন স্বত্বে সকলের বিরুদ্ধ স্বত্বে ভোগ দখল করিতে থাকেন ও ভোগ দখলে কায়েম রহেন। উক্তরূপে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি ভোগ দখল করিতে থাকা অবস্থায় স্নেহাংকুর মিত্র মহাশয় ১৯৮৫ সালের ১৮ই জানুয়ারী তারিখে অবিবাহিত ও অপুত্রক অবস্থায় মৃত্যুমুখে পতিত হয়েন। মৃত্যুকালে স্নেহাংকুর মিত্র মহাশয় তাহার f মাতা শ্রীমতি অমিয়া মিত্র অর্থাত আমার পিতামহীকে তাহার ওয়ারিশান রাখিয়া যান। শ্রীমতি অমিয়া মিত্র অর্থাৎ আমার পিতামহী তাহার অবিবাহিত পুত্র স্নেহাংকুর মিত্রের মৃত্যুর পর নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি ওয়া-রিশন সূত্রে প্রাপ্ত হইয়া তাহাতে ভোগ দখলে কায়েম হয়েন এবং তাহা আপন স্বত্বে সকলের বিরুদ্ধ স্বত্বে ভোগ দখল করিতে থাকেন। আমার পিতামহী অমিয়া মিত্র মহাশয়া নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি ওয়ারিশন সূত্রে প্রাপ্ত হইয়া তাহা আপন স্বত্বে সকলের বিরুদ্ধ স্বত্ব ভোগ দখল করিতে থাকা অবস্থায় ১৯৮৫ সালের ৪ঠা

.... ৮

আগষ্ট তারিখে কেবল আমাকে তাহার একমাত্র ওয়ারিশন রাখিয়া মৃত্যু মুখে পতিত হয়েন। প্রকাশ থাকে যে আমার পিতা ও মাতা অর্থাৎ অমিয়া মিত্রের পুত্র শীতাংশুর মিত্র ও তাহার স্ত্রীর অমিয়া মিত্রের মৃত্যুর পূর্বে মৃত্যু হয়। আমার পিতামহীর মৃত্যুর পর তাহার মৃত পুত্র শীতাংশুর মিত্রের পুত্র বিধায় অর্থাৎ অমিয়া মিত্রের একমাত্র পৌত্র বিধায় নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তির আমি একক ষোল আনারূপে প্রাপ্ত হইয়া নিজ নাম মিউনিসিপ্যালিটি কর্তৃপক্ষের নিকট পত্তন করিয়া ট্যাক্সাদি আদায় মতে তাহা আপন স্বত্বে সকলের বিরুদ্ধ স্বত্বে খাসে ভোগ দখল করিতেছি ও ভোগ দখলে কায়েম রহিয়াছি।

এক্ষনে নিম্ন তপশীল উক্ত সম্পত্তি মায় গৃহাদি দেখাশুনা ও তত্ত্বাবধান করিবার অসুবিধা হওয়ার কারনে ও অন্যত্র গৃহাদি খরিদের উদ্দেশ্যে তপশীল বর্ণিত সম্পত্তি বিক্রয়ের মোহরৎ করিলে আপনি লোক পরম্পরায় তাহা জ্ঞাত হয়েন এবং নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি মায় গৃহাদি ১,২১,০০০ (এক লক্ষ একুশ হাজার) টাকায় বিক্রয় করিবার প্রস্তাব করিলে আপনি উক্ত মূল্য সম্বন্ধে বাজার যাচাই করিয়া সঠিক বলিয়া জানিতে পারিয়া আমার প্রস্তাবে আপনি সম্মত হয়েন এবং খরিদের ইচ্ছা প্রকাশ করেন। বাজার যাচাই মতে আপনার প্রদত্ত মূল্য সর্ব্বাধিক বিবেচনা করিয়া এবং আপনাকে উপযুক্ত খরিদ্দার বিবেচনা করিয়া নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি আপনাকে বিক্রয় করিতে সম্মত হইয়া আপনার নিকট হইতে ১।১।৯১ তারিখে তপশীল বর্ণিত সম্পত্তির মূল্য ১,২১,০০০ (এক লক্ষ একুশ হাজার টাকা)-র মধ্যে ১,০০০ (এক হাজার টাকা) বায়না বাবদ গ্রহন করিয়া ঐ তারিখেই আপনার নাম বরাবর একটি বায়না পত্র সম্পাদন করিয়া দিই। আপনি তৎসময় প্রকাশ করেন যে আপনার কর্মস্থল হইতে গৃহ খরিদ বাবদ লোন গ্রহন করিয়া উক্ত সম্পত্তি খরিদ করিবেন। বর্তমানে

......৯

আপনি আপনার কর্মস্থল হইতে লোন প্রাপ্ত হইয়া পনের বক্রী টাকা অর্থাৎ - ১,২০,০০০ (এক লক্ষ কুড়ি হাজার টাকা) আদায় দিয়া তপশীল বর্ণিত সম্পত্তি সম্বন্ধে বিক্রয় কোবালা সম্পাদন করিয়া দিতে বলেন। অদ্য আপনার নিকট হইতে মোট পনের অন্দরে আমার ১।৯।৯১ তারিখে বায়না বাবদ গৃহীত অর্থ বাদে অর্থাৎ ১,২১,০০০, (এক লক্ষ একুশ হাজার) টাকার মধ্যে বায়না বাবদ ১০০০ টা (এক হাজার টাকা) বাদে বক্রী ১,২০,০০০ (এক লক্ষ কুড়ি) হাজার টাকা বি।ই ৩৯৪৩৭৬।৬৯ নং ব্যাংক ড্রাফটে অদ্য প্রাপ্ত বুঝিয়া পাইয়া আপনার নাম বরাবর নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি যাহার বিশেষ ভাবে সুনির্দিষ্ট করার জন্য এতদসংলগ্ন দলিলের সহিত ম্যাপ দেওয়া হইল এবং অত্রসহ দাখিলী ম্যাপে লাল বর্ডার দ্বারা রঞ্জিত .০৫৪ সহস্রাংশ বা ২৯৮.৫৩ স্কোয়ার মিটার তাহা অত্র দলিলের একাংশীভূত বলিয়া গণ্য হইবে। তাহার সম্বন্ধে সাফ বিক্রয় কোবালা সম্পাদন রেজিষ্ট্রী করিয়া দিয়া তাহাতে আপনাকে দখলে প্রতিষ্ঠিত করিয়া আমি দখল চ্যুত হইয়া স্বীকার ও অঙ্গিকার করিতেছি যে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তিতে - আমার যাহা স্বত্ব, স্বামিত্ব, দখল হক হকিয়ৎ ছিল বা আছে তাহা অদ্য হইতে তদ্সমুদয় চিরতরে রদ ও রহিত হইয়া ও লোপ পাইয়া আপনাতে বর্তাইল। আপনি যায় আপনার ওয়ারীশানগণক্রমে অদ্য হইতে তপশীল বর্ণিত সম্পত্তি দান বিক্রয় সকল প্রকার হস্তান্তর করণের ক্ষমতা যুক্তে নিব্যূঢ় স্বত্বের মালিক ও দখলকার হইয়া পুরুষানুক্রমে পরমসুখে ভোগ দখল করিতে থাকুন তাহাতে আমি যায় আমার ওয়ারিশান স্থলাভিষিক্তগণ কোন দিন কোন প্রকার ওজর আপত্তি করিব না বা করিতে পারিব না করিলে তাহা সর্ব্ব স্থলে সর্ব্ব আদালতে না মঞ্জুর ও বাতিল হইবে। আমি নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি সম্বন্ধে আপনার নাম বরাবর এই বিক্রয় কোবালা সম্পাদন করিয়া দিয়া আরও স্বীকার ও অঙ্গীকার করিতেছি

......১০

যে আমি নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তির একক মালিক হইতেছি এবং আমার কোন সরিক নাই । আমি আরও স্বীকার ও অঙ্গীকার করিতেছি যে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি আমি ইতিপূর্বে কাহাকেও বিক্রয় বা দান করি নাই বা অপর কাহাকেও বিক্রয় করিবার কোন চুক্তি করি নাই বা তপশীল বর্ণিত সম্পত্তি আমি কোন ব্যক্তি বা সংস্থার নিকট বন্ধক বা দায়বদ্ধ রাখি নাই বা কাহাকেও লীজ বা লাইসেন্সীতে থাকিতে দিই নাই । তপশীল বর্ণিত সম্পত্তি সম্পূর্ণ নির্দায় ও নির্দ্দোষ অবস্থায় রহিয়াছে । আমি আরও স্বীকার ও অঙ্গিকার করিতেছি যে তপশীল বর্ণিত সম্পত্তি লইয়া কোন আদালতে কোন প্রকার মালি মোকদ্দমা নাই এবং তদ্রূপ খাস দখলে থাকা অবস্থায় আপনাকে অদ্য বিক্রয় করিয়া দিয়া চির নি:স্বত্ব হইয়া দখল দিয়া দিলাম । যদি ভবিষ্যতে যদি আমার বা আমার - পূর্ব্বাধিকারীর স্বত্ব বা কৃতিকার্য্যের দোষে বা উপরোক্ত দোষ ত্রুটি বাহির হইয়া আপনার স্বত্বের বা স্বার্থের কোনরূপ হানি হয় বা শান্তিপূর্ণ দখলের কোন ব্যাঘাত ঘটে তাহা হইলে আমি মায় আমার ওয়ারিশানগণ ক্রমে উহা খোলসা বা দূর করিয়া দিতে বাধ্য রহিলাম বা রহিলেন । উক্তরূপ কোন কিছু প্রকাশ পায় বা আমার করনীয় কার্য্যের জন্য তপশীল বর্ণিত সম্পত্তির ভোগ দখলে আপনার বা আপনার ওয়ারিশান । স্থলাভিষিক্তগনের কোনরূপ অসুবিধার সৃষ্টি হয় তাহা হইলে আমি মায় আমার ওয়ারিশগণ নিজ ব্যয়ে তাহা দূর করিয়া দিতে বাধ্য রহিলাম বা বাধ্য রহিলেন আর যদি কোন কারণ তাহা দূরকরা সম্ভবপর না হয় তাহা হইলে আমি পণ বাবদ গৃহীত অর্থের দ্বিগুন অর্থ মায় তাহার উপর ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকিব । আমি অদ্য নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি সম্বন্ধে সাফ বিক্রয় কোবালা সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিয়া আরও স্বীকার ও অঙ্গিকার করিতেছি যে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তিতে আপনি অত্র দলিল

......১১

মূলে নিজ নাম সর্বত্র খারিজ করিয়া লইতে পারিবেন ।  নাম খারিজাদি কার্য্যে আমিমায় আমার ওয়ারিশগণ কোন দিন কোন প্রকার ওজর আপত্তি করিতে পারিব না করিলে তাহা সর্বত্র বাতিল ও নামঞ্জুর হইবে । অধিকিন্তু নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তিতে আপনার নাম খারিজ মতে পত্তন করিয়া লইবেন এবং নিজ নামে মিউনিসিপ্যালতরফ কর করনীয় কার্য্য করিতে বাধ্য রহিলাম ।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে বিনা প্ররোচনায় নিজ ইচ্ছায় অত্র দলিল পাঠ করিয়া তাহার মর্ম অবগত হইয়া বায়না বাবদ গৃহীত অর্থ বাদে পনের বত্রিশী টাকা DE 394376/69 নং ব্যাংক ড্রাফটে টাকা অর্থাৎ ১,২০,০০০ (এক লক্ষ কুড়ি হাজার) প্রাপ্ত হইয়া আপনার নাম বরাবর এই বিক্রয় কোবালা সম্পাদন করিয়া দিলাম । ইতি - তাং - সন বাংলা ১৩৯৮ সালের ৫ই অগ্রহায়ণ , ইংরাজী ১৯৯১ সালের ২২শে নভেম্বর ।

॥ তপশীল সম্পত্তি ॥
************

জেলা হুগলী , থানা চুঁচুড়া জেলা ও অতিরিক্ত সাব রেজিষ্ট্রী অফিস হুগলী (চুঁচুড়াস্থ) জে.এল. নং ১৮ , মৌজা কুলিহান্ডা , হুগলী চুঁচুড়া মিউনিসিপ্যালিটীর ১১ নং ওয়ার্ডের কদমতলা মহল্যায় -২৭৬ (৭০) নং হোল্ডিং রিভিসন্যাল সেটেলমেন্টের কুলিহান্ডা মৌজায় ১১৮২ এগার শত বিরাশী নং খতিয়ানে রায়ত স্থিতিবান বিশিষ্ট ১০৪০ এক হাজার চল্লিশ দাগে বাস্তু জমি বিক্রীত পরিমান ২.০০৪ সহস্রাংশ সায় তদুপরিস্থিত পাকা দ্বিতল চার কামরা ঘর সায় বারান্দা , দ্বিতলে খোলা বারান্দা , এবং একতলে ও দ্বিতলে ডাইনিং স্পেস , বারান্দা , রান্নাঘর , পায়খানা , বাথরুম , সিঁড়ি সাম্ভ দরজা , জানালা ইলেকট্রিক মোটর পাম্প , ইলেকট্রিক ওয়্যারিং তলস্থ জমি সায় সকল প্রকার

........১২

Angshu Mitra



ইজমেন্ট স্বত্ত্ব সহ কমবেশী যায় সকল হক হকুক সহ জায়গার পরিমাণ .০৫৪ সহস্রাংশ চুয়ান্ন সহস্রাংশ বা ২১৫.৫৩ স্কোয়ার মিটার সম্পত্তি অত্র দলিলের বিক্রীত সম্পত্তি হইতেছে। যাহার বর্তমান জরিপের হাল খতিয়ান নং ২৩২৮ তেইশত আটাশ। উক্ত অত্র দলিল ভুক্ত সম্পত্তি অর্থাৎ যাহা বিক্রয় হইল তাহার উত্তর দক্ষিনে বাহু যথাক্রমে ৭২ ফুট, পূর্ব পশ্চিমে ৩৩' ফুট লম্বা হইতেছে। উহার হাল দাগ নং ২৩৫৭ (তেইশ শত সাতান্ন)। দলিল ভুক্ত সম্পত্তির চৌহদ্দি :-

উত্তরে :- শ্রী শিবনাথ মল্লিক মহাশয়ের বাড়ী।

দক্ষিনে :- ৪' ফুট চওড়া কমন প্যাসেজ।

পূর্বে :- ১০৪৮ দাগে অবস্থিত পুকুর।

পশ্চিমে :- কদমতলা নামীয় মিউনিসিপ্যালিটীর রাস্তা। সম্পত্তিতে কোন সরিক নাই। সম্পত্তি হারাহারি মতে খাজনা ১.৪০ পয়সা মোট জমার ১১.৫০পয়সার মধ্যে বি.এল. এ্যান্ড এল.আর.ও. অফিসে জমা দিতে হয়। অত্র বিক্রীত সম্পত্তি যাহা অত্র দাখিলী ম্যাপে লাল বর্ডার দ্বারা চিহ্নিত আছে উহা অত্র বিক্রয় কোবালা দলিলের একাংশ বলিয়া গণ্য হইবে।

ড্রাফ্ট নং - বি।ই ৩৯৪৩৭৩।৬৯ তাং- ২২.১১.৯১ অফ এলাহাবাদ ব্যাংক হরিপাল ব্রাঞ্চ ফর টাকা ১,২০,০০০ পেয়েবেবল এট এলাহাবাদ ব্যাংকচিনসুরা ব্রাঞ্চ।

Drafted by me
Amitava Bhattacharya
Advocate.
Regn. no. WB/182/1985
Hooghly Judge's Court.
Chinsurah.

Angshu Mitra

ইসাদী :-

(১) শ্রীশ্যামাপ্রসাদ মল্লিক
চুঁচুড়া

অতুল চন্দ্র কুন্ডু
চুঁচুড়া
২নং পোল,

টাইপকারক :-
[signature]
চুঁচুড়া আদালত, হুগলী।

EED PLAN OF :-

HATIAN NO-1182, C. S DAG NO-1040 (Part), IN MOUZA-KULIHANDA, J. L NO-18, HOLDING NO-73/276, WARD NO-11, MAHALLA-KADAMTALA, UNDER HOOGHLY-CHINSURAH MUNICIPALITY, P.S-CHINSURAH, DIST-HOOGHLY.

SCALE :- 1" = 16'.

NOTE :-


1. AREA OF LAND - 3 CO. 5 CH. 24 SFT.
2. GROUND FLOOR AREA - 1027.50 SFT.
3. FIRST FLOOR AREA - 942.50 SFT.
4. OPEN LAND AREA :- 1381.50 SFT.

NAME OF VENDEE :-


APUP KR. BISWAS.

NAME OF VENDOR :-

ARGHA MITRA.




GROUND FLOOR PLAN.




FIRST FLOOR PLAN.

SIGNATURE OF OWNER :-

DRAWN BY :-

2759.